# চট্টগ্রামে শৃঙ্খলাভঙ্গের দায়ে বিএনপির তিন নেতার পদ স্থগিত



সংগৃহীত ছবি

দলীয় নীতি-আদর্শ লঙ্ঘন ও সংগঠনবিরোধী কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে চট্টগ্রামের সীতাকুণ্ড উপজেলার তিন বিএনপি নেতার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছে কেন্দ্রীয় বিএনপি। তাদের প্রাথমিক সদস্যপদসহ দলীয় সব পর্যায়ের পদ স্থগিত করা হয়েছে।

শুক্রবার (৬ নভেম্বর) বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, অনৈতিক ও দলবিরোধী কর্মকাণ্ডে সম্পৃক্ত থাকার কারণে সীতাকুণ্ড উপজেলা বিএনপির আহ্বায়ক কমল কদর, চট্টগ্রাম উত্তর জেলা স্বেচ্ছাসেবক দলের সাবেক সভাপতি মো. মোরছালিন এবং উপজেলা ছাত্রদলের সদস্য সচিব কোরবান আলী সাহেদের প্রাথমিক সদস্যপদসহ সব পর্যায়ের পদ স্থগিত করা হয়েছে।

দলীয় সূত্রে জানা গেছে, সংগঠনের শৃঙ্খলা বজায় রাখতে কেন্দ্রীয় বিএনপি ভবিষ্যতেও এমন কঠোর পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখবে।

LENS ASIA